

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বস্ত্র-১ শাখা

www.motj.gov.bd

নম্বর- ২৪.০০.০০০০.১১৫.১৮.০০০২.১২-২০০

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩
১২ মে ২০২৬

প্রাপকঃ ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,

ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, দিনাজপুর।

বিষয়ঃ বস্ত্র অধিদপ্তরের আওতাধীন টেক্সটাইল ইনস্টিটিউট, দিনাজপুর এর (পিআরএল ভোগরত) অধ্যক্ষ জনাব এম.এম জহুরুল হক রক্বানী এর মাসিক অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরি।

সূত্রঃ বস্ত্র অধিদপ্তরের স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০৩০৮.২৪-৭৩২, তারিখঃ ২০/০৪/২০২৬ খ্রি.

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, বস্ত্র অধিদপ্তরের আওতাধীন টেক্সটাইল ইনস্টিটিউট, দিনাজপুর এর (পিআরএল ভোগরত) অধ্যক্ষ জনাব এম.এম জহুরুল হক রক্বানী-কে ২৭/০২/২০১৬ তারিখ হতে অবসর প্রদান করতঃ ২৮/০২/২০১৬ হতে ২৭/০২/২০১৭ তারিখ পর্যন্ত ভূতাপেক্ষভাবে অবসর উত্তর ছুটি মঞ্জুর করা হয়। তিনি অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরির জন্য আবেদন করেছেন। তার পেনশন ফরমে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয় সদয় স্বাক্ষর করেছেন।

২। এমতাবস্থায়, জনাব এম.এম জহুরুল হক রক্বানী, অধ্যক্ষ (পিআরএল ভোগরত) এর অনুকূলে প্রচলিত নিয়মানুযায়ী মোট নিট আনুতোষিক ৬০,৬০,৯৬০/- (ষাট লক্ষ ষাট হাজার নয়শত ষাট) টাকা এবং নিট মাসিক অবসর ভাতা বাবদ ২৬,৩৫২/- (ছাব্বিশ হাজার তিনশত বায়ান্ন) টাকা প্রদানের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত তথ্যাদি এতদসংগে প্রেরণ করা হলোঃ

- | | |
|---|---|
| (১) চাকুরির বিবরণী; | (৫) সত্যায়িত ছবি; |
| (২) লাম্পগ্রান্ট মঞ্জুরিপত্র; | (৬) প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারীর ঘোষণাপত্র; |
| (৩) প্রত্যাশিত শেষ বেতনপত্র (ই.এল.পি.সি); | (৭) নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ; |
| (৪) পেনশন ফরম (পূরণকৃত); | (৮) না-দাবী প্রত্যয়নপত্র; |
| | (৯) মামলা ও চাকুরি সংক্রান্ত তথ্য; |

৩। শর্ত থাকে যে, বস্ত্র অধিদপ্তরের আওতাধীন টেক্সটাইল ইনস্টিটিউট, দিনাজপুর এর (পিআরএল ভোগরত) অধ্যক্ষ জনাব এম.এম জহুরুল হক রক্বানী-এর নিকট ভবিষ্যতে সরকারের কোন পাওনা উত্থাপিত হলে তিনি তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।

সংযুক্তঃ বর্ণনামতে

আপনার বিশ্বস্ত,



(সাবিহা ইয়াসমীন)

উপসচিব

ফোনঃ ৯৫১৫৫৯০

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩
১২ মে ২০২৬

নম্বর- ২৪.০০.০০০০.১১৫.১৮.০০০২.১২-২০০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা;
২. সচিবের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ ও এ মন্ত্রণালয়কে অবহিতকরণের অনুরোধসহ);
৪. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
৫. সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ);
৬. অধ্যক্ষ, টেক্সটাইল ইনস্টিটিউট, দিনাজপুর;
৭. জনাব এম.এম জহুরুল হক রক্বানী, অধ্যক্ষ (পিআরএল ভোগরত), টেক্সটাইল ইনস্টিটিউট, দিনাজপুর;
৮. অফিস কপি।



(সাবিহা ইয়াসমীন)

উপসচিব